গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপসা, খুলনা
www.rupshakhulna.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.৪৭৭৫.০০০.০৪.০০১.২২-৬০৭ তারিখ : ২৫/১০/২০২২ খ্রি :

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ মোতাবেক খুলনা জেলাধীন রূপসা উপজেলার নিম্নোক্ত ইউনিয়ন সমূহে মহল্লাদার পদে চাকরীতে আগ্রহীপ্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনপত্র হাতে হাতে অথবা ডাকযোগে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ১৫/১১/২০২২ খ্রি: তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

| ক্রমিক নম্বর | ইউনিয়ন পরিষদের নাম | শূন্য ওয়ার্ড এর নাম | পদের নাম | পদ সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ |
| ১. | শ্রীফলতলা | ৩ | মহল্লাদার | ১ | ১৮ হতে ৩০ বছর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-<br>(ক)সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ইঞ্চি,(খ)বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক);৩২ ইঞ্চি(সম্প্রসারণ),(গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।<br>মহিলা প্রার্থীর ক্ষেত্রে-<br>(ক)সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট,(খ) বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক); ৩০ইঞ্চি(সম্প্রসারণ),<br>(গ)সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।<br>বি:দ্র: মহল্লাদার পদে বেতন ভাতাদি সরকারি বিধি মোতাবেক প্রাপ্য। |
| ২. | আইচগাতী | ২ ও ৯ | -ঐ- | ২ | -ঐ- | |
| ৩. | ঘাটভোগ | ১, ২, ৪, ৫ | -ঐ- | ৪ | -ঐ- | |
| ৪. | নৈহাটি | ১, ৫, ৭, ৮ | -ঐ- | ৪ | -ঐ- | |
| | | | | মোট: ১১টি | | |

**আবেদনের শর্তাবলী:**

১) নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা বরাবর দাখিল করতে হবে।

২) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমটি এ কার্যালয়ের ওয়েব সাইটে www.rupsha.khulna.gov.bd এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আবেদন ফরমের ফটোকপি পাওয়া যাবে। কোন প্রকার ঘষামাজা, ওভাররাইটিং ও কাটাছেড়া ব্যতীরেকে আবেদন দাখিল করতে হবে।

৩) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং ছকে উল্লিখিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শূন্য পদে লোক নিয়োগ করা হবে।

৪) উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র ডাকযোগে অথবা হাতে হাতে আগামী ১৫/১১/২২ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। আবেদনকারী নিজ ইউনিয়নের শূন্য পদের বিপরীতে মহল্লাদার পদের জন্য বন্ধ খামে আবেদন করতে হবে। খামের উপর **"পদের নাম, ইউনিয়নের নাম ও ওয়ার্ডের নাম"** লিখতে হবে।

**৫) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

(ক) আবেদনপত্রে জীবন বৃত্তান্ত যেমন, নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(খ) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখ পূর্বক প্রদত্ত নাগরিক সনদপত্র।

(গ) জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি।

(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি (যদি থাকে)।

(ঙ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

(চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি।

(ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

(জ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এর প্রমাণপত্রের বা মূল সনদের সত্যায়িত কপি।

(ঝ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০(দশ) টাকার ডাকটিকিটযুক্ত (১০ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি) সাইজের একটি ফেরত খাম যুক্ত করতে হবে।

(ঞ) A4 সাইজের কাগজে প্রার্থীর পর পর ৩ টি স্বাক্ষর যা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত করে আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। পরীক্ষার দিন সকল কাগজ পত্রের মূলকপি সংগে আনতে হবে।

(ট) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে অথবা পোষ্য হলে মুক্তিযোদ্ধার কোটায় প্রার্থীকে নিম্নোক্ত ছকে তথ্যাদি (আলাদা কাগজে)পূরণপূর্বক সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

**'ছক'**

| প্রার্থীর নাম | বীর মুক্তিযোদ্ধার নাম ও পিতার নাম | বীর মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার এনআইডি কার্ড, জন্ম সনদ,মৃতের জন্য মৃত্যু সনদ | মুক্তিবার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর,তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনি দাবী করার ক্ষেত্রে প্রার্থীর এনআইডি কার্ড,পিতা মাতার এনআইডি কার্ড | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদপত্র প্রমাণক |
|---|---|---|---|---|---|---|---|---|---|

৬) ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণির কর্মকর্তার নামযুক্ত সিল ব্যবহার করতে হবে। প্রার্থীর বয়স ১৫-১১-২০২২খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান হলে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিট গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমানের জন্য NID কার্ডের সত্যায়িত ফটোকপি অথবা জন্ম নিবন্ধনের সত্যায়িত ছায়ালিপি ও শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ সংযুক্ত করতে হবে।

৭) আগামী ১৫.১১.২০২২খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে এ কার্যালয়ে আবেদন পৌছাতে হবে । নির্ধারিত সময়ের পরে আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৮) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন আপত্তি বিবেচনা করা হবে না এবং এ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারের সময় পরবর্তীতে জানানো হবে।

১০) নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার বিধি-বিধান ও কোটা পদ্ধতি যতদুর সম্ভব অনুসরণ করা হবে। প্রার্থী কোন কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপরে এবং আবেদনের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১১) মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার ও মহল্লাদারদের সন্তান বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২) কর্তৃপক্ষ কর্তৃক চুড়ান্তভাবে মনোনয়নের জন্য প্রার্থীগণকে পুলিশ ভেরিফিকেশনের সার্টিফিকেট দাখিল ও স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হতে হবে।

১৩) কোন প্রকার কারণ ছাড়াই কর্তৃপক্ষ যে কোন সময়ে/পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

রুবাইয়া তাছনিম
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।
ফোন নম্বর: ০২৪৭৭৭৩০৭০৬।
Email:unorupsha@mopa.gov bd

স্মারক নং : ০৫.৪৪.৪৭৭৫.০০০.০৪.০০১.২২-৬০৭ তারিখ : ২৫/১০/২০২২ খ্রি :

**<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:</u>**

১) জেলা প্রশাসক, খুলনা।
২) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা ।
৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা।

**<u>অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো :</u>**

১। সহকারী কমিশনার (ভূমি), রূপসা, খুলনা।
২। অফিসার ইনচার্জ, রূপসা থানা, রূপসা, খুলনা।
৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রূপসা, খুলনা।
৪। উপজেলা---------------------------------------------কর্মকর্তা, রূপসা, খুলনা।
৫। সহকারী প্রোগ্রামার, রূপসা, খুলনা। বিজ্ঞপ্তিটি উপজেলা তথ্য বায়তনে আপলোডের জন্য অনুরোধ করা হলো।
৬। চেয়ারম্যান--------------------------------ইউনিয়ন পরিষদ, রূপসা, খুলনা। তাকে বিজ্ঞপ্তিটি জনবহুল স্থানে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণসহ ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। নোটিশ বোর্ড/অফিস কপি।

রুবাইয়া তাছনিম
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।
ফোন নম্বর: ০২৪৭৭৭৩০৭০৬।
Email:unorupsha@mopa.gov bd